



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED
(A Company of Petrobangla)

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১৩.২১.০০২.২৪/০১

তারিখ: ০১ জানুয়ারি ২০২৬


বিজ্ঞপ্তি

কোম্পানিতে কর্মরত কর্মকর্তা-কর্মচারীগণকে অবহিত করা যাচ্ছে যে, ২০২৫ পঞ্জিকা বছরের কর্ম মূল্যায়নের লক্ষ্যে বার্ষিক গোপনীয় অনুবেদন (এসিআর) ফরম পূরণ করার নিমিত্ত ৪র্থ হতে ৯ম গ্রেডের কর্মকর্তাগণের জন্য একটি, ১০ম হতে ১২শ গ্রেডের কর্মকর্তা-কর্মচারীগণের জন্য একটি, ১৩শ হতে ১৬শ গ্রেডের কর্মচারীগণের জন্য একটি, ১৭শ হতে ২০শ গ্রেডের কর্মচারীগণের জন্য একটি এবং গাড়িচালকগণের জন্য একটি এসিআর ফরম বাপেক্স এর ওয়েবসাইটে (www.bapex.com.bd) আপলোড করা হয়েছে। বিধি মোতাবেক, প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে তার জন্য প্রযোজ্য এসিআর ফরম এর ০২ (দুই) প্রস্থ বাপেক্স এর ওয়েবসাইট হতে ডাউনলোডপূর্বক A4 সাইজ কাগজের উভয় পৃষ্ঠায় প্রিন্ট করতে হবে। এরপর প্রত্যেক অনুবেদনাধীন কর্মকর্তা-কর্মচারী তার সংশ্লিষ্ট অংশ পূরণপূর্বক তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তা অর্থাৎ অনুবেদনকারীর নিকট ৩১ জানুয়ারি ২০২৬ এর মধ্যে প্রেরণ করবেন। অনুবেদনকারী কর্মকর্তা এসিআর ফরম এ তার সংশ্লিষ্ট অংশ পূরণপূর্বক ২৮ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। পরবর্তীতে, প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক সংশ্লিষ্ট অংশ পূরণপূর্বক ৩১ মার্চ ২০২৬ এর মধ্যে এসিআর ফরম প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে। ৩য় গ্রেড বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তাগণকে পেট্রোবাংলার ওয়েবসাইটে (www.petrobangla.org.bd) হতে তাঁদের জন্য প্রযোজ্য এসিআর ফরম সংগ্রহপূর্বক পূরণ করার জন্য অনুরোধ করা হলো। অনুবেদনাধীন কর্মকর্তা-কর্মচারী, অনুবেদনকারী কর্মকর্তা ও প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা এসিআর ফরমের যথাযথ স্থানে অবশ্যই স্বাক্ষর ও সীল প্রদান করবেন।

এতদসংক্রান্ত যেকোন তথ্য/নির্দেশনার প্রয়োজন হলে প্রশাসন বিভাগে যোগাযোগ করা যেতে পারে। নির্ধারিত সময়ের মধ্যে এসিআর ফরম প্রেরণ করা না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীকে তার দায়-দায়িত্ব বহন করতে হবে।

সংযুক্তি:

- ১। এসিআর ফরম (৪র্থ হতে ৯ম গ্রেডের কর্মকর্তাগণের জন্য) -১০ (দশ) পৃষ্ঠা।
- ২। এসিআর ফরম (১০ম হতে ১২শ গ্রেডের কর্মকর্তা-কর্মচারীগণের জন্য) -০৫ (পাঁচ) পৃষ্ঠা।
- ৩। এসিআর ফরম (১৩শ হতে ১৬শ গ্রেডের কর্মচারীগণের জন্য) -০৫ (পাঁচ) পৃষ্ঠা।
- ৪। এসিআর ফরম (১৭শ হতে ২০শ গ্রেডের কর্মচারীগণের জন্য) -০৫ (পাঁচ) পৃষ্ঠা।
- ৫। এসিআর ফরম (গাড়িচালকগণের জন্য) -০৬ (ছয়) পৃষ্ঠা।
- ৬। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২০ -১৭ (সতের) পৃষ্ঠা।
- ৭। গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩ -১৬ (ষোল) পৃষ্ঠা (১০ম হতে ২০শ গ্রেডের জন্য)।


(মোঃ আসাদ উল্লাহ)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাব্যবস্থাপক.....বাপেক্স
২. উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক.....বাপেক্স
৩. ডিআইসি/এফআইসি/পিসি.....বাপেক্স
৪. নোটিশ বোর্ড।

অনুলিপি:

১. উপমহাব্যবস্থাপক (আইসিটি এন্ড এমআইএস), পরিকল্পনা ও আইসিটি বিভাগ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)
২. ব্যবস্থাপক (সময়), ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, বাপেক্স, ঢাকা
৩. অফিস কপি